ওঁ শ্রী শ্রী কালী

20 RS.

সত্যমেব জয়তে

ভারত

INDIA

TWENTY RUPEES

২০রু. 20RS.

থানা - সোনারপুর ,

উইল ব্যক্তিকরন দলিল ।

লিখিতং :- শ্রী অনিল কুমার বসু , পিতা - মৃত নলিনী কান্ত বসু , জাতি - হিন্দু, পেশা - অবসরপ্রাপ্ত , সাং - গাঁদীপাড়া রোড , পশ্চিম ; পোঃ- কোদালিয়া , থানা - সোনারপুর , জেলা - দক্ষিণ ২৪ পরগণা ।

কস্য উইল ব্যক্তিকরন দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা , থানা এবং এ্যা.ডি. সাব রেজিস্ট্রী অফিস সোনারপুর , পরগণা - বরিদহাটী , রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত মৌজা - কোদালিয়া গ্রামে ওয়ার্ড নং ১৮ , হোল্ডিং নং ৮৪ , জে.এল. নং ৩৫ , রে.সা.নং - ১৪৬ , তৌজি নং ১২০ , হাল ১৯৫ নং খতিয়ান ভুক্ত ৬৭২ নং দাগে শালি হাল বাস্তু ১৩ শতক জমির মধ্যে ১ কাঠা ৯ ছটাক ২৮ বর্গফুট জমি আমার জ্যেষ্ঠ পুত্র অপূর্ব কুমার বসু ও পুত্র বধূ শ্রীমতী ভাস্বতী বসুর নাম বরাবর এবং উক্ত মৌজায় ১৯৫ নং খতিয়ান ভুক্ত ৬৭২ নং দাগে ১২ ছটাক ৪১ বর্গফুট জমি মায় গৃহাদী আমার মধ্যম পুত্রের পুত্র অর্থাৎ আমার পৌত্র শ্রীমান মৃগাঙ্ক বসুর নাম বরাবর এবং উক্ত মৌজার ১৯৫ নং খতিয়ান ভুক্ত ৬৭২ নং দাগে ৬ ছটাক ৩৮ বর্গফুট জমি মায়

10 Rs.






গৃহাদী সহ আমার কন্যাগণ যথাক্রমে শ্রীমতী লক্ষ্মী রানী কর , শ্রীমতী সরস্বতী সরকার , শ্রীমতী অঞ্জলী ঘোষ এবং কনিষ্ঠা পুত্র বধু শ্রীমতী কাকলী বসুর নাম বরাবর বিগত ইংরাজী ০১।৮।২০০০ তারিখে সোনারপুর এ্যা-ডি সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ৩ নং বহির ভলুম নং —— , পাতা —— হইতে —— নং এবং ৪২ নং উইল বা চরমপত্র দলিল মূলে অর্পন করিয়াছিলাম ।

বর্তমানে উক্ত উইলের গ্রহীতাগণ ও একজিকিউটরগণ আমাকে ভক্তি শ্রদ্ধা করে না , দেখাশুনা করে না , এমনকি ভরন পোষন পর্যন্ত দেয় না । সেকারণে আমি তাহাদের ব্যবহারের প্রতি বীতশ্রদ্ধ হইয়া উক্ত ৪২ নং উইল পত্র খানি রদ ও রহিত করিয়া অত্র উইল বা চরমপত্র বাতিল বা রহিত করণ দলিল লিখিয়া দিয়া স্বীকার অঙ্গীকার করিতেছি যে , উক্ত ৪২ নং উইলের গ্রহীতাগণ আমার মৃত্যুর পর উক্ত উইলকৃত সম্পত্তির কোনরকম প্রবেট লইতে পারিবে না বা মালিকানা পাইবে না । অদ্যকার তারিখ হইতে উক্ত ৪২ নং উইলের সমস্ত সম্পত্তির মালিক আমি পুনরায় হইলাম । এবং তাহাতে মালিকানা বর্তাইল । ভবিষ্যতে উক্ত ৪২ নং উইলের সম্পত্তির উপর উক্ত গ্রহীতাগণ বা একজিকিউটরগণ বা

তাহাদের ওয়ারিশানগণ কোন প্রকার দাবী দাওয়া করে , তাহা অত্র উইল বা চরমপত্র বাতিল দলিল বলে সর্ব্ব আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে , সরল অন্তকরনে , অন্যের বিনা অনুরোধে আমার নির্দ্দেশ মত অত্র উইল বা চরমপত্র রহিত করন দলিলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ।

ইতি তারিখ :- বাংলা ১৪০৮ সনের - ২৪ শে আষাঢ়,

ইংরাজী ২০০১ সালের - ২৭ শে জুন,

অত্র দলিল পাঠ করিয়া দাতাকে শুনাইলাম :-
শ্রী বরদা প্রসাদ সাহা,

ইসাদী :-

১। অশোক কুমার দে,
বটিয়া নবগ্রাম.

২। সাবির সেখ
সুভাষ গ্রাম

মুসাবিদাকারক :-
শ্রী বরদা প্রসাদ সাহা,
সোনারপুর এ.ডি.আর. অফিস,
লাইসেন্স নং [illegible]

টাইপকারক :-
নির্মল কান্তি কর।
সোনারপুর এ্যা.ডি.সাবরেজিষ্ট্রী অফিস ।

Registered

Book No. 1

Volume No. 1

Pages 9 to 9

Being No. 21

for the Year 2001

2 9 JUN 2001

Additional District Sub-Registrar

26.7.01